**জাতীয় সংসদ অগ্রাধিকার**
**অতি জরুরি**
**বিশেষ বাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.০৯.১২২.১৭-৭৩

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৪ / ১৫ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়ঃ দশম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৫তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ।

সূত্রঃ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের পত্র নং-১১.০০.০০০০.৭০৮.৪০.০১১.১৭/৫১, তারিখঃ ১২-০২-২০১৮।

উপর্যুক্ত বিষয়ের ১০ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩৫তম বৈঠকের কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো।

০২। সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনের সফটকপি (ই-মেইলে mdalihaider 65 @ gmail.com) এবং হার্ড কপি জরুরি ভিত্তিতে আগামী ২২-০২-২০১৮ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৩ (তিন) পাতা।

১৫/২/২০১৮

(মোঃ মোশারফ হোসেন মোল্লা)
যুগ্মসচিব
ও
কাউন্সিল অফিসার
ফোনঃ ৯৫৭৬৮৯০
ই-মেইলঃ js.coordination@moysports.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মসচিব (ক্রীড়া)/(যুব-১)/(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৩. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র জোরদার ও আধুনিকীকরণ প্রকল্প,যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৫. সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণে অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত **সচিব,** যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

২১১
৩১/০২/১৮

ই-নথি

অতি জরুরি
বিশেষ বাহক মারফত

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-৮

নং-১১.০০.০০০০.৭০৮.৪০.০১১.১৭/৫১

তারিখঃ ৩০ মাঘ ১৪২৪ / ১২ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়ঃ দশম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৫তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ।

১০ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩৫তম বৈঠকের কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

১২/২/১৮

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ মোস্তফা কামাল)
কমিটি অফিসার
ফোন-৯১২৫৩৮৪।
Email:committee.8@parliament.gov.bd

বিতরণ ঃ

১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম-সচিব(সিএস) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (সচিবের দপ্তর) | |
|---|---|
| ডাইরী নং- ৭৬৭ | তারিখঃ ১৩/২/১৮ |
| অতিরিক্ত সচিব | জরুরী উপস্থাপন করুন |
| যুগ্মসচিব (প্রঃ/বাজেট/সমন্বয়) | নথিতে পেশ করুন |
| যুগ্মসচিব (যুব-১/যুব-২) | ব্যবস্থা নিন |
| যুগ্মসচিব (ক্রীড়া-১/ক্রীড়া-২) | আলোচনা করুন |
| উপপ্রধান | নথিজাত করুন |
| সচিবের একান্ত সচিব | |
| সচিবের ব্যক্তিগত কর্মকর্তা | সচিবের স্বাক্ষর |

কাউন্সিল শাখা

বাংলাদেশ জাতীয় সংসদ গোপনীয়

(কমিটি শাখা-৮, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়)

বিষয়ঃ **১০ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ৩৫তম বৈঠকের কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এম.পি (১৯৫ গাজীপুর-২)
তারিখঃ ৩১ জানুয়ারি, ২০১৮ (১৮ মাঘ, ১৪২৪)
বার ও সময়ঃ বুধবার, বিকাল ২-৩০ ঘটিকা
স্থানঃ ক্যাবিনেট কক্ষ, ২য় লেভেল, পশ্চিম ব্লক, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা।

২। বৈঠকে কমিটির নিম্নেবর্ণিত মাননীয় সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন ঃ

| ক্রঃ নং | মাননীয় সদস্যগণের নাম | নির্বাচনী এলাকা | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব আরিফ খান জয়, এম. পি. মাননীয় উপমন্ত্রী | ১৫৮ নেত্রকোনা-২ | সদস্য |
| ২. | জনাব গোলাম ফারুক খন্দঃ প্রিন্স | ৭২ পাবনা-৫ | সদস্য |
| ৩. | জনাব এ.এম নাঈমুর রহমান, এম.পি, | ১৬৮ মানিকগঞ্জ-১ | সদস্য |
| ৪. | জনাব মোঃ নূরুল ইসলাম তালুকদার, এম.পি | ৩৮ বগুড়া-৩ | সদস্য |
| ৫. | বেগম আমাতুল কিবরিয়া কেয়া চৌঃ, এম.পি | ৩২৮ মহিলা আসন-২৮ | সদস্য |

৩। বৈঠকে বিশেষ আমন্ত্রণক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিভাগের অতিরিক্ত সচিব (ড্রাফটিং) সালমা বিনতে কবির উপস্থিত ছিলেন।

৪। কমিটিকে সহায়তা প্রদানের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (সচিবের দায়িত্বপ্রাপ্ত) জনাব মোঃ ফাইজুল কবীর-সহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও এর অধীনস্থ বিভিন্ন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

৫। কমিটির সাচিবিক দায়িত্ব পালনের জন্য জাতীয় সংসদ সচিবালয়ের উপসচিব ও কমিটি সচিব জনাব কল্লোল কুমান চক্রবর্তী, কমিটি অফিসার জনাব মোঃ মোস্তফা কামাল এবং সহকারী পরিচালক (গণসংযোগ) জনাব মোঃ মিজানুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

৬। <u>সূচনা ঃ</u>

৬.১। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বৈঠকের কাজ শুরু করেন।

৭। "শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (Sheikh Hasina National Institute of Youth Development) বিল, ২০১৮" পরীক্ষা-নিরীক্ষাপূর্বক রিপোর্ট প্রদান সম্পর্কে আলোচনা:

৭.১। সভাপতির আহবানে মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (সচিবের দায়িত্বপ্রাপ্ত) "শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (Sheikh Hasina National Institute of Youth Development) বিল, ২০১৮" সম্পর্কে বলেন, দেশের প্রেক্ষাপটে ও বর্তমান সরকারের ভিশন'২০২১ ও ভিশন'২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে যে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার প্রেক্ষাপটে যুব প্রশিক্ষণ কার্যক্রম আরও উন্নত করা প্রয়োজন। দেশের সম্ভাবনাময় যুবদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন করা এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কর্মকান্ডে নিয়োজিত করার নিমিত্ত গবেষণা, উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান এবং এতদসঙ্গে আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনা করার উদ্দেশ্যে একটি কেন্দ্রীয় ও আধুনিক মানসম্পন্ন ইনস্টিটিউট প্রতিষ্ঠাকল্পে এ বিলটি আনা হয়েছে। শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রকে ইনস্টিটিউটে রুপান্তরিক করা হলে যুবদের প্রশিক্ষণের মান আরও উন্নত করা যাবে মর্মে বৈঠকে উল্লেখ করেন।

৭.২। তিনি আরও বলেন, গত ১৮/০৯/২০১৬ তারিখ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে খসড়া আইনটি প্রেরণ করা হয়। সেখানে আইন সম্পর্কে বিস্তারিত পর্যালোচনার পর মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব এর নেতৃত্বে গঠিত মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হয়। কমিটি প্রয়োজনীয় পরিমার্জন সাপেক্ষে খসড়া আইনটি অনুমোদনের জন্য সুপারিশ করে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কমিটির পরামর্শ মোতাবেক গত ২৭/০২/২০১৭ তারিখে মন্ত্রিসভা বৈঠকে "শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (Sheikh Hasina National Institute of Youth Development) বিল, ২০১৮" খসড়া বিলটি নীতিগতভাবে অনুমোদন করে। সে মোতাবেক খসড়া বিলটি সম্পর্কে মতামত প্রদানের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হলে দুই দফায় নীতিগতভাবে অনুমোদিত বিলটির ভেটিং শেষে একটি খসড়া বিল প্রস্তুত করে মহান সংসদে পাসের জন্য উপস্থাপন করা হয়। মহান সংসদে বিলটিকে আরো যাচাই বাছাই করে পরীক্ষা নিরীক্ষা করার জন্য ১০ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিতে প্রেরণ করে।

৭.৩। কমিটির সদস্য গোলাম ফারুক খন্দঃ প্রিন্স বলেন, যেহেতু বিলটি মন্ত্রিপরিষদ হয়ে মহান সংসদে উপস্থাপিত হয়েছে এবং মহান সংসদে বিলটি আরো পরীক্ষা নিরীক্ষা করার জন্য স্থায়ী কমিটিতে প্রেরণ করেছে সেহেতু বিলটি স্থায়ী কমিটি কর্তৃক পুঙ্খানুপুঙ্খরুপে পরীক্ষা করা প্রয়োজন। তিনি স্থায়ী কমিটির মতামত গ্রহণ সাপেক্ষে বিলটি চূড়ান্ত করার পরামর্শ প্রদান করেন।

৭.৪। কমিটির সদস্য জনাব মোঃ নূরুল ইসলাম তালুকদার শিক্ষা মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন করে প্রতিনিধি নির্বাহী কাউন্সিলে সম্পৃক্ত করে বিলটি সংশোধনের জন্য মতামত প্রদান করেন।

৭.৫। সভাপতি যুব সমাজকে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার নিমিত্ত কমিটির মাননীয় সদস্য জনাব মোঃ নূরুল ইসলাম তালুকদারের প্রস্তাবের সাথে একমত পোষন করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি অন্তর্ভূক্ত করার পরামর্শ প্রদান করেন।

৭.৬। কমিটির সদস্য বেগম আমাতুল কিবরিয়া কেয়া চৌঃ বলেন, এ বিলে যুবদের প্রশিক্ষণ দেয়ার নিমিত্ত কারিগরী বিষয়টি গুরুত্ব দেয়ার অনুরোধ করেন। তিনি দেশের সম্ভাবনাময় যুব সমাজকে প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল করে এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করার নিমিত্ত উন্নততর প্রশিক্ষণ দানের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি সিংগাপুর প্রশিক্ষণ কেন্দ্রের আদলে দেশের যুব সমাজকে হাতে কলমে প্রশিক্ষিত করার পদক্ষেপ গ্রহণের জন্য মতামত প্রদান করেন।

৭.৭। কমিটির সদস্য মাননীয় উপমন্ত্রী জনাব আরিফ খান জয় মন্ত্রণালয়ের বিগত ৪ বছরের কর্মকান্ডের অগ্রগতির ধারাবাহিকতা অক্ষুন্ন রাখার আশাবাদ ব্যক্ত করেন। মন্ত্রণালয়ের কাজের মাধ্যমে জনগণের কাছে প্রত্যাশিত সেবা পৌঁছে দেবার অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, সকল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউটএর জন্য আলাদা আইন প্রণয়ন করা হয়। ইনস্টিটিউটে গবেষণা হবে, দেশী বিদেশী ডোনেশন আসবে, স্কলারশীপসহ লাভজনক বিষয়গুলো বিশ্ববিদ্যালয়ের কর্মকান্ডে সম্পৃক্ত থাকবে। তিনি এ বিলটিতে অনেক অসঙ্গতি ও ত্রুটি বিচ্যুতি থাকায় আরও পরীক্ষা-নিরীক্ষা করে বিশদভাবে আলোচনা করে তা চুড়ান্ত করার পরামর্শ দেন। তিনি গতানুগতিক ধারার বাহিরে যেয়ে পরিবর্তিত বিশ্বের সাথে তাল মিলিয়ে চলার নিমিত্ত ভবিষ্যতের কথা চিন্তা করে একটি যুগোপযোগী ও সময়োপযোগী আইন প্রণয়ন করার পরামর্শ প্রদান করেন। তাছাড়া, সরকারের রুপকল্প ভিশন-২০২১ ও ভিশন-২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, সদস্যবৃন্দ ও সংশ্লিষ্ট সকলের গ্রহণযোগ্য মতামত সাপেক্ষে একটি পূর্ণাঙ্গ বিল প্রস্তুত করার জন্য মতামত প্রদান করেন।

৭.৮। কমিটির মাননীয় সদস্য জনাব এ.এম. নাঈমুর রহমান বলেন, এই বিলটি যেহেতু মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদন করেছেন তারপরও এতে কোন সংশোধনের সুযোগ থাকলে সকলের সমন্বিত উদ্যোগের মাধ্যমে যাচাই বাছাই করে ত্রুটি বিচ্যুতি দূর করে একটি পূর্ণাঙ্গ ও সময়োপযোগী আইন প্রণয়নের পরামর্শ প্রদান করেন।

৭.৯। সভাপতি বলেন, ইতিমধ্যে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরি রাজস্ব খাতে ন্যস্ত করা হয়েছে। এসব কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ স্বায়ত্তশাসিত হবে কিনা জানতে চাইলে, আইন মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন, এক্ষেত্রে উত্থাপিত বিলের ২৬ নং ধারার উপধারা ৩এর (ঘ) প্রযোজ্য হবে। সে মোতাবেক তাদের চাকুরীর শর্তাবলী অপরিবর্তিত থাকবে। সভাপতি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান আইনের সাথে সঙ্গতি রেখে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের স্বার্থ অক্ষুন্ন রাখার নিমিত্ত একটি পূর্ণাঙ্গ আইন প্রণয়ন করার পরামর্শ প্রদান করেন। পাশাপাশি স্থায়ী কমিটির মাননীয় সদস্যবৃন্দের প্রাপ্ত মতামতের ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং সংসদ সচিবালয়ের লেজিসলেটিভ বিভাগ কর্তৃক প্রদত্ত সংশোধনীসহ ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিধিমালা, কমিটি গঠনসহ বিলে বিদ্যমান অসংগতি ও ত্রুটি বিচ্যুতি যাচাই বাছাই করার নিমিত্ত আরও একটি বৈঠক করে বিলটি চূড়ান্ত করার পরামর্শ দেন। পাশাপাশি এ বিলটি চূড়ান্ত করার সুবিধার্থে মহান সংসদ কর্তৃক আরও ১৫(পনের) দিন সময় বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

৮। <u>বিবিধঃ</u>

৮.১। প্রকল্প পরিচালক বলেন, মানিকগঞ্জ শেখ হাসিনা আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের ফিজিবিলিটি স্টাডি করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে পাঠানো হলে সয়েল টেস্টের জন্য তা পানি সম্পদ মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে এবং আগামী ১ সপ্তাহের মধ্যে তার রিপোর্ট পাওয়া যাবে। তাছাড়া, পূর্বাচল শেখ হাসিনা ক্রিকেট স্টেডিয়াম কমপ্লেক্সের বিষয়ে তিনি বলেন, মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একটি সভার সিদ্ধান্ত মোতাবেক আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের জন্য যতটুকু জায়গা প্রয়োজন সে জায়গাটি বাদ দিয়ে অবশিষ্ট জায়গায় ক্রিকেট কমপ্লেক্স করা হবে। এ ব্যাপারে একটি সারসংক্ষেপ তৈরি করে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হলে পরবর্তিতে ক্রিকেট বোর্ডের সাথে বসে তাদের মতামত নিয়ে নতুন করে সারসংক্ষেপ প্রেরণের নির্দেশনা দেয়া হয়।

৮.২। সভাপতি চলতি অর্থ বছরে জুন/২০১৮ মাসের পূর্বে পূর্বাচল শেখ হাসিনা ক্রিকেট কমপ্লেক্সের কার্যক্রম শুরু করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন। পাশাপাশি মানিকগঞ্জ শেখ হাসিনা আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম এবং শেখ রাসেল উপজেলা মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ দ্রুততার সাথে সম্পন্নের উদ্যোগ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন।

৯। <u>বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:</u>

(ক) "শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (Sheikh Hasina National Institute of Youth Development) বিল, ২০১৮"পুঙ্খানুপুঙ্খরূপে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, আইন লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের লেজিসলেটিভ ড্রাফটিং ইউনিট এর প্রতিনিধি-সহ পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করে সংশোধিত আকারে স্থায়ী কমিটির পরবর্তি বৈঠকে উপস্থাপন করা;

(খ) "শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (Sheikh Hasina National Institute of Youth Development) বিল, ২০১৮" যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক পরীক্ষা করার জন্য মহান সংসদ কর্তৃক আরও ১৫ (পনের) দিন সময় বৃদ্ধি করার জন্য মাননীয় স্পীকার বরাবর পত্র প্রেরণ করা;

(গ) মানিকগঞ্জ জেলায় শেখ হাসিনা আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম এবং পূর্বাঞ্চল শেখ হাসিনা আন্তর্জাতিক ক্রিকেট কমপ্লেক্স নির্মাণের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা; এবং

(ঘ) শেখ রাসেল উপজেলা মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ দ্রুততার সাথে সম্পন্নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

১০। অত:পর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বিকাল ৪-৪০ ঘটিকায় বৈঠকের সমাপ্তি ঘোষনা করেন।

২৮/০২/১৮

(মোঃ জাহিদ আহসান রাসেল এম.পি)
সভাপতি
যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।